



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৫

১৪ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ -----
২৮ জুন ২০১৬ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত সরকারী ছুটির দিনে (সাপ্তাহিক ছুটিসহ) অর্থাৎ ০২, ০৩ ও ০৪ জুলাই ২০১৬ তারিখে বিভিন্ন বাণিজ্যিক এলাকা ও বৃহৎ শপিং মার্কেট সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে

গত ২৬ জুন ২০১৬ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার নং-১৩ ও ১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। প্রথমোক্ত সার্কুলারের মাধ্যমে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আঞ্চলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ ও টাঙ্গাইল-এ অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের শুধুমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ০২ জুলাই ২০১৬ তারিখ শনিবার এবং ০৩ জুলাই ২০১৬ তারিখ রবিবার খোলা রাখার নির্দেশনা দেয়া হয়েছিল এবং শেষোক্ত সার্কুলারের মাধ্যমে সরকারী ঘোষণা মোতাবেক আগামী ৪ জুলাই ২০১৬ তারিখ সোমবার দেশে অবস্থিত সব তফসিলি ব্যাংক বন্ধ রাখার ঘোষণা দেয়া হয়েছিল।

০৩। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর নির্দেশনা অপরিবর্তিত রেখে উক্ত সার্কুলারে উল্লিখিত এলাকাসমূহে ০৪ জুলাই ২০১৬ তারিখেও সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ খোলা থাকবে। এছাড়া, সুষ্ঠু ব্যবসায়িক কার্যক্রম ও নিরাপদ আর্থিক লেনদেন নিশ্চিতকরণার্থে কেবলমাত্র নগদ অর্থ উত্তোলন ও জমাকরণের জন্য দেশের সকল বাণিজ্যিক এলাকা ও বৃহৎ শপিং মার্কেট সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ বিশেষ ব্যবস্থায় সাপ্তাহিক ছুটিসহ ঈদের সরকারী ছুটির মধ্যেও অর্থাৎ ০২, ০৩ ও ০৪ জুলাই ২০১৬ তারিখে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা থাকবে। তবে, কোন কোন শাখা খোলা রাখার প্রয়োজন হবে তা ব্যাংকসমূহ স্বীয় বিবেচনায় নির্ধারণ করবে।

০৪। ০২, ০৩ ও ০৪ জুলাই ২০১৬ তারিখ সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন হওয়ায় ঐদিনগুলোতে অফিসের কাজে যোগদানকারী কর্মকর্তা/ কর্মচারীদেরকে যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭